দৈনিক ইত্তেফাক



তারিখ 19 JUL 1989
পৃষ্ঠা ৪ কলাম 7

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

## ফাজিল পরীক্ষায় উত্তরপত্র লিখিয়া দেওয়ায় শিক্ষকের হাজত বাস

চাঁদপুর সংবাদদাতা জানান, মাদ্রাসা বোর্ডের চলতি ফাজিল পরীক্ষায় গত ১৮ই জুন চাঁদপুর সরকারী কারিগরি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে দুইজন পরীক্ষার্থীর উত্তরপত্র কেন্দ্রের বাহির হইতে লিখিয়া সরবরাহ করার পূর্বমুহূর্তে হাতে-নাতে ধরা পড়িয়া পরীক্ষার্থীদ্বয় বহিষ্কৃত হয়। এই অভিযোগে কর্তব্যরত ম্যাজিস্ট্রেট পুলিশের সহায়তায় মাদ্রাসার জনৈক শিক্ষক আঃ কাদের ও বহিরাগত ছাত্র মোঃ আদম সফিউল্লাহকে আটক করে। বর্তমানে তাহারা জেল হাজতে আছে। মামলা দায়ের করা হইয়াছে।

## টর্নেডো বিধ্বস্ত শিক্ষা প্রতিষ্ঠান ক্লাস বন্ধ

মেলান্দহ (জামালপুর) হইতে জনৈক সংবাদদাতা জানান, সাম্প্রতিক টর্ণেডোতে মেলান্দহ উপজেলার কোনামালঞ্চা আমেনা দাখিল মাদ্রাসা সম্পূর্ণরূপে বিধ্বস্ত হওয়ার ফলে মাদ্রাসার ক্লাস বন্ধ হইয়া গিয়াছে। অর্থাভাবে মাদ্রাসা গৃহ পুনঃনির্মাণ করা সম্ভব হইতেছে না। টর্ণেডোতে এলাকার বহু বাড়ী-ঘর বিধ্বস্ত হয়। গৃহহীন বহু পরিবার খোলা আকাশের নীচে বসবাস করিতেছে। প্রয়োজনীয় ত্রাণসামগ্রীর অভাবে ক্ষতিগ্রস্ত এই সকল পরিবার দুঃখ-কষ্টের মধ্য দিয়া দিন কাটাইতেছে।